

General Certificate of Education Advanced Subsidiary Examination June 2012

# Bengali

## **BENG1**

Unit 1 Reading and Writing

### Insert

Text to be used when answering Section 1

#### Text for use with Section 1



#### এক পলকে সিঙ্গাপুর

কলেজ গরমের জন্যে ছুটি হয়ে গেছে। কিভাবে সময়টা কাটানো যায়, ভাবছিলো শাওন। হঠাৎ তার বন্ধু বিপুল ঘরে ঢুকলো। বললো, "ব্যাগ গুছিয়ে নে, চল্, সিঙ্গাপুর ঘুরে আসি। ভাইয়া-ভাবীকে একটা সারপ্রাইজ দিয়ে আসি! খুব খুশি হবেন ওঁরা।" বিপুলের বড়ো ভাই আলম সাহেব। শিপিং কর্পোরেশনের বড়ো কর্মকর্তা। স্ত্রী স্কুলের টীচার। একমাত্র মেয়ে লাবণী স্কুল ফাইনাল দিয়েছে। সিঙ্গাপুরে স্থায়ীভাবে বসবাস করছেন।

ট্র্যাভেল এজেন্টকে ফোন না করে ওরা ইন্টারনেটেই দুটো টিকিট কিনে ফেললো। পরদিন ভোরের ফ্লাইট সিঙ্গাপুর এয়ারলাইন্সে। শাওনের বাবার গাড়িতে দুজনে রওয়ানা দিলো। সারা রাস্তা রিক্শা-সিএনজির ভিড় এড়িয়ে ওরা অবশেষে বিমানবন্দরে পৌঁছলো। প্রায় সাড়ে তিন ঘণ্টা পর চাঙ্গী বিমানবন্দরে পৌঁছলো শাওন আর বিপুল। ইমিগ্রেশন পেরিয়ে ওরা একটা ট্যাক্সি নিলো। তারপর সোজা আলম ভাইয়ের বাসায়।

পাহাড়ের ঢালের খাঁজে সুকৌশলে কেটে সিঙ্গাপুর সরকার তৈরি করেছে অসংখ্য বহুতল অ্যাপার্টমেন্ট। চার তলা থেকে চৌদ্দ তলা পর্যন্ত উচ্চতা এই দালানগুলোর। আলম ভাই থাকেন বারো তলায়। ট্যাক্সির ভাড়া মিটিয়ে লিফটে ওপরে উঠলো ওরা। বেশ অনেক ক্ষণ ধরে দরজায় বেল বাজাতে হলো। শেষে দরজা খুললেন আলম ভাই নিজে। "আরে, তোমরা কখন এলে? এসো, ভেতরে এসো।" চমৎকার এবং বিশাল অ্যাপার্টমেন্ট। সেখানকার দশ লক্ষ ডলার দিয়ে আলম ভাই কিনেছেন এটি। ইতিমধ্যে পর্দা সরিয়ে হাসি মুখে ঘরে ঢুকলেন ভাবী। ভাবী বললেন, "কেমন আছো? পথে কষ্ট হয়নি তো? তোমাদের নিশ্চয় খুব খিদে পেয়েছে। চলো, খাবার টেবিলে বসে আলাপ করা যাবে।" টেবিলে ভর্তি সুস্বাদু খাবার। মুরগির রোস্ট, রুই মাছের মুড়িঘণ্ট, ইলিশ পোলাউ আর গলদা চিংড়ির মালাইকারি। তার মধ্যে মুড়িঘণ্টটা হয়েছে অসাধারণ। তৃঞ্জির সঙ্গে খাওয়া শেষ করলো সবাই।

বিকেলে আলম ভাইয়ের সঙ্গে দুজনে বের হলো সিঙ্গাপুর দেখতে। শাওন কাঁধে ঝোলালো ওর ক্যামকর্ডারটা। আলম ভাই গাড়ি চালাচ্ছিলেন, পাশে বিপুল বসেছে। শাওন পিছনের সীটে আরাম করে বসে ক্যামকর্ডারে বন্দী করছিলো শহরটির অপূর্ব সৌন্দর্য। গাড়ি চালাতে চালাতে আলম ভাই বলছিলেন দেশটার কথা। ছ শো তিরাশি বর্গ কিলোমিটারের দেশ সিঙ্গাপুর। দেশটা খুব ছোটো হলেও এর লোকসংখ্যা খুব বেশি। এ দেশে কোনো প্রাকৃতিক সম্পদ নেই। দেশের একচল্লিশ লক্ষ জনগণ খুব পরিশ্রম করে সিঙ্গাপুরের অর্থনীতিকে উন্নত করেছে। গড়ে প্রতি বর্গ কিলোমিটারে ছ হাজার লোকের বাস। এঁদের মাথাপিছু আয় প্রায় একুশ হাজার মার্কিন ডলার। এই দেশের একটা বৈশিষ্ট্য হচ্ছে যে, বিভিন্ন ধর্ম ও বর্ণের মানুষ এখানে শান্ডিপূর্ণভাবে মিলেমিশে বাস করে।

শাওন অবাক হলো। কোথাও কোনো যানজট নেই। এর বড়ো কারণ হলো, ওখানকার সবগুলো হাইওয়ে ওয়ানওয়ে। তা ছাড়া, ট্রাফিক আইনের প্রতি রয়েছে গাড়ি চালকদের আনুগত্য। সর্বোপরি, ঢাকা শহরের মতো এখানে অন্তত রিক্শা-সিএনজির ভিড় নেই।

Copyright © 2012 AQA and its licensors. All rights reserved.